গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ক্রীড়া অফিসারের কার্যালয়
ফরিদপুর

স্মারক নং- ৩৪.০২.৩০২৯.০১৩.২৫.০৯২.২৬- ১৬৫ তারিখ: ০৬/০৮/ ২০২৬ খ্রি.

**বিষয় :** "নতুন কুঁড়ি স্পোর্টস" কর্মসূচিতে উপজেলা পর্যায়ে দল গঠনের লক্ষ্যে অনলাইনে রেজিষ্ট্রেশন ও বহুল প্রচার প্রসঙ্গে।

সূত্রঃ ১। মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা এর স্মারক নং-২৩৪, তারিখ: ১৩ জুলাই ২০২৬ খ্রি.
২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৬৪১০, তারিখ: ২০ জুলাই ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন ক্রীড়া পরিদপ্তরের ব্যবস্থাপনায় সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের জন্য দেশের তৃণমূল থেকে জাতীয় পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ গড়ে তোলার লক্ষ্যে দেশব্যাপী "নতুন কুঁড়ি স্পোর্টস" কর্মসূচিতে পরিচালিত হবে। লেখাপড়ার পাশাপাশি খেলাধুলার মাধ্যমে ১০-১৪ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের সুপ্ত ক্রীড়া প্রতিভা অন্বেষণ, বাছাই এবং রাষ্ট্রীয়ভাবে তাদের মেধাবিকাশের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে দেশব্যাপী আগামী সেপ্টেম্বর ২০২৬ থেকে শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় স্বতঃস্ফূর্তভাবে কিশোর- কিশোরীদের অংশগ্রহণে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচার এবং (www.notunkurisports.gov.bd) লিংকের আগ্রহী কিশোর- কিশোরী খেলোয়াড়দের ৩১ আগষ্ট ২০২৬ তারিখের মধ্যে রেজিষ্ট্রেশন সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য যে,০১ সেপ্টেম্বর ২০১২ থেকে ৩১ আগষ্ট ২০১৬ এর মধ্যে জন্ম গ্রহণকারী কিশোর-কিশোরী খেলোয়াড় রেজিষ্ট্রেশন করতে পারবে।
৩। ইহা অতীব জরুরী এবং যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই পত্র জারি করা হলো।

সংযুক্ত : ০৩(তিন) পাতা

৬।০৮।২৬
আল-আমীন খন্দকার
জেলা ক্রীড়া অফিসার
ফরিদপুর
মোবাইল: ০১৭৪১-৬০৩০৪৩

প্রাপক,
০১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।
০২। প্রশাসক (সকল), পৌরসভা, ফরিদপুর।
০৩। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
০৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফরিদপুর।
০৫। প্রধানশিক্ষক/সুপার,................................................, ফরিদপুর।

স্মারক নং- ৩৪.০২.৩০২৯.০১৩.২৫.০৯২.২৬- ১৬৫ তারিখ: ০৬/০৮/ ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্যঃ
০১। পরিচালক,ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ফরিদপুর।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক/শিক্ষা ও আইসিটি), ফরিদপুর।
০৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৫। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৬। অফিস নথি।

| | | |
|---|---|---|
| | | আল-আমীন খন্দকার<br>জেলা ক্রীড়া অফিসার<br>ফরিদপুর |

ক্রীড়া হলে পেশা, পরিবার পাবে ভরসা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া পরিদপ্তর

জয়ের পথে, বিজয়ের সাথে

# রেজিস্ট্রেশন করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ফুটবল | ক্রিকেট | কাবাডি | অ্যাথলেটিক্স | ভলিবল |
| ব্যাডমিন্টন | দাবা | মার্শাল আর্ট | সাঁতার | টেবিল টেনিস |

**১০টি ইভেন্টে বালক ও বালিকাদের অংশগ্রহণের সুযোগ**

## আবেদনের নিয়মাবলি

### অংশগ্রহণের বয়সসীমা

১০ থেকে ১৪ বছর বয়সি ছাত্র-ছাত্রী
(জন্মতারিখ : ০১.০৯.২০১২ থেকে ৩১.০৮.২০১৬-এর মধ্যে)

### আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

০১. অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ।
০২. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
০৩. ৬ষ্ঠ বা ৮ম শ্রেণির ভর্তি, রেজিস্ট্রেশন কার্ড/প্রাথমিক বিদ্যালয়ে (৫ম শ্রেণি পর্যন্ত) অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের বার্ষিক পরীক্ষার ফলাফলের সত্যায়িত কপি।
০৪. স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক বর্তমান শ্রেণির সত্যায়িত টট লিস্ট এর কপি।
০৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

### ইভেন্টসমূহ

ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা মার্শাল আর্ট (কারাতে, উশু, তাইকোয়ানডো, জুডো), সাঁতার, ভলিবল ও টেবিল টেনিস।
(একজন সর্বোচ্চ দুটি খেলায় অংশ নিতে পারবে)

**রেজিস্ট্রেশনের মেয়াদ**
১ জুলাই ২০২৬ থেকে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত

রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন:
notunkurisports.gov.bd

আয়োজনে
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়



ক্রীড়া হলে পেশা, পরিবার পাবে ভরসা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া পরিদপ্তর

জয়ের পথে, বিজয়ের সাথে

# রেজিস্ট্রেশন বুথ

| | | | | |
|---|---|---|---|---|
| ফুটবল | ক্রিকেট | কাবাডি | অ্যাথলেটিক্স | ভলিবল |
| ব্যাডমিন্টন | দাবা | মার্শাল আর্ট | সাঁতার | টেবিল টেনিস |

**১০টি ইভেন্টে বালক ও বালিকাদের অংশগ্রহণের সুযোগ**

## আবেদনের নিয়মাবলি

### অংশগ্রহণের বয়সসীমা

১০ থেকে ১৪ বছর বয়সি ছাত্র-ছাত্রী
(জন্মতারিখ : ০১.০৯.২০১২ থেকে ৩১.০৮.২০১৬-এর মধ্যে)

### আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

০১. অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ।
০২. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
০৩. ৬ষ্ঠ বা ৮ম শ্রেণির ভর্তি, রেজিস্ট্রেশন কার্ড/প্রাথমিক বিদ্যালয়ে (৫ম শ্রেণি পর্যন্ত) অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের বার্ষিক পরীক্ষার ফলাফলের সত্যায়িত কপি।
০৪. স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক বর্তমান শ্রেণির সত্যায়িত টট লিস্ট এর কপি।
০৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

### ইভেন্টসমূহ

ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা মার্শাল আর্ট (কারাতে, উশু, তাইকোয়ানডো, জুডো), সাঁতার, ভলিবল ও টেবিল টেনিস।
(একজন সর্বোচ্চ দুটি খেলায় অংশ নিতে পারবে)

**রেজিস্ট্রেশনের মেয়াদ**
১ জুলাই ২০২৬ থেকে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত

রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন:
notunkurisports.gov.bd

আয়োজনে
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০২.২১.২৩৪ তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

বিষয়: **'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬' কর্মসূচিতে ১২-১৪ বছর বয়সী শিশু কিশোরদের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণে দেশের সকল সরকারি প্রতিষ্ঠানে ব্যাপক প্রচার-প্রচারণা সংক্রান্ত**

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.২৭৬ তারিখ: ৩০.০৬.২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে প্রাপ্ত পত্রটি এ-সঙ্গে প্রেরণ করা হলো। মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে আগামী ২৭ জুলাই ২০২৬ তারিখ বিকাল ৪.০০টায় 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬'-এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এ অনুষ্ঠানের মাধ্যমে 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬'-এর কার্যক্রম সমাপ্ত হবে এবং 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭'-এর দ্বিতীয় পর্যায়ের প্রতিযোগিতার উদ্বোধন করা হবে। 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭'-এর আওতায় ১০টি ইভেন্টের উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী সেপ্টেম্বর ২০২৬ থেকে শুরু হবে। এ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনলাইন নিবন্ধন কার্যক্রম ০১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত চলমান থাকবে। 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭' প্রতিযোগিতায় ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকল্পে দেশের সকল সরকারি প্রতিষ্ঠানে ব্যাপক প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করেছে।

২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

**সংযুক্তিঃ**
(১) বর্ণনামতে

১৩-০৭-২০২৬
মোঃ মামুন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ২২৬৬৪১০৫৭
ইমেইল : dfal_sec@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। কমিশনার, সকল বিভাগ।
২। জেলা প্রশাসক (সকল)।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৫১২.১৮.০০০২.২১.২৩৪/১ (২) তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ / ১৩ জুলাই ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.০৬.০০১.২০/৬৪৯০ তারিখ: ২০ জুলাই ২০২৬ খ্রি.

বিষয়: 'নতুন কুঁড়ি স্পোর্টস' ২০২৬ কর্মসূচি-তে সহযোগিতা প্রদান।

সূত্র : যুব ও ক্রীড়া মন্ত্রণালয় স্মারক নং- ৩৪ ০০ ০০০০ ০০০ ০৮০ ৯৯ ০০১৬ ২৬৯ তারিখ: ২৯ জুন ২০২৬খ্রি
সূত্র : যুব ও ক্রীড়া মন্ত্রণালয় স্মারক নং-৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.২৬৭ তারিখ : ২৯.০৬.২০২৬খ্রি.

উল্লিখিত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে ক্রীড়া উন্নয়নে সরকারের পরিকল্পনার অংশ হিসাবে 'নতুন কুঁড়ি স্পোর্টস' ২০২৬-২৭ এর আওতায় ১০টি ইভেন্টের প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আগামী সেপ্টেম্বর ২০২৬ এ শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের কার্যক্রম ০১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট পর্যন্ত চলমান থাকবে।

নতুন কুঁড়ি স্পোর্টস উপলক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবেন:

০১। এই কর্মসূচিটি বাস্তবায়নে মাধ্যমিক বিদ্যালয়ের ১২ থেকে ১৪ বছর বয়সী শিশু-কিশোরদের অনলাইন কিংবা অনস্পট রেজিস্ট্রেশনের অংশগ্রহণে প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করবেন।
০২। প্রতি শ্রেণিতে পাঠদানের সময়ে নোটিশের মাধ্যমে শিক্ষার্থী ও শিক্ষকদের অবহিত করতে হবে।
০৩। নোটিশ বোর্ডে এ সংক্রান্ত নির্দেশনা প্রদান করতে হবে।
০৪। শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে অনুমোদিত ড্রপ ডাউন ব্যানার প্রদর্শন করতে হবে।
০৫। শিক্ষা প্রতিষ্ঠানের সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রচার করতে হবে।
০৬। সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিজেস্ব ওয়েবসাইটে 'নতুন কুঁড়ি স্পোর্টস' সম্পর্কে প্রচারণা চালাতে হবে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

20/09/2023

(প্রফেসর মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

20/9/2026

০১। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (আঞ্চলিক), অঞ্চল (সকল)।
০২। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।
০৩। জেলা শিক্ষা কর্মকর্তা, (সকল)।

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, আদমজী কোর্ট এনেক্স-২ ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৫। প্রধান শিক্ষক (সকল), সরকারি/বেসরকারি নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়।
০৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
০৭। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd



**স্মারক নম্বর:** ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.৩৫৬

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩
১০ আগস্ট ২০২৬

**বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৬-২০২৭' প্রতিযোগিতায় ১০-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের স্বত:স্ফূর্ত ব্যাপক অংশগ্রহণ নিশ্চিতকরণ**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির অংশ হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' প্রতিযোগিতা গত ০২ মে ২০২৬ তারিখ সিলেট জেলা স্টেডিয়ামে শুভ উদ্বোধনের বিষয়ে মধ্য দিয়ে সারাদেশে একযোগে এ কর্মসূচির কার্যক্রম শুরু হয়। মাননীয় প্রধামন্ত্রীর উপস্থিতিতে ঢাকার আর্মি স্টেডিয়ামে গত ২৭ জুলাই ২০২৬ তারিখ 'নতুন কুঁড়ি স্পোর্টস, ২০২৫-২০২৬ (সিজন-১)' প্রতিযোগিতার বর্ণাঢ্য সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মধ্য দিয়ে নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬ (সিজন-১) এর সফল সমাপ্তি ঘটে।

০২। 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭ (সিজন-২) এর আওতায় ১০টি ইভেন্টের প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আগামী সেপ্টেম্বর ২০২৬ এ শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন এর কার্যক্রম ০১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত চলমান থাকবে। উল্লেখ্য, গত ০১-০৭-২০২৬ তারিখে অনুষ্ঠিত জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭ (সিজন-২)' প্রতিযোগিতায় শিশু-কিশোরদের স্বত:স্ফূর্ত ও ব্যাপক অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে এ প্রতিযোগিতায় অংশগ্রহণের বয়সসীমা ১২-১৪ বছর বয়সের পরিবর্তে ১০-১৪ বছর বয়স নির্ধারণ করা হয়েছে (সভার কার্যবিবরণী)।

০৩। এমতাবস্থায়, গত ০১-০৭-২০২৬ তারিখে অনুষ্ঠিত জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭ (সিজন-২)' প্রতিযোগিতায় ১০-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের স্বত:স্ফূর্ত ব্যাপক অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ**
(১) সভার কার্যবিবরণী

১০-০৮-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব

পরিচালক
পরিচালকের দপ্তর, ক্রীড়া পরিদপ্তর, আদমজী কোর্ট এনেক্স ভবন-২, মতিঝিল, ঢাকা।

**স্মারক নম্বর:** ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.৩৫৬/১ (৯)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩
১০ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৯। জেলা ক্রীড়া অফিসার (সকল)।

১০-০৮-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব